



## বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়

গাজীপুর-১৭০৬

ফোন : পিএবিএক্স: ০২-৯২০৫৩১০-১৪, ফ্যাক্স : ০২-৯২০৫৩৩৩, Website: www.bsmrau.edu.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ

বশেমুরক্বি/প্রশা:/সি-১৫৫/২০১৬/১৬৯

তারিখ : ১৯ জানুয়ারি, ২০১৭

### তৃতীয় সমাবর্তন সংক্রান্ত বিজ্ঞপ্তি

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় (বশেমুরক্বি) এর তৃতীয় সমাবর্তন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি ও বিশ্ববিদ্যালয়ের মাননীয় চ্যান্সেলর এর সভাপতিত্বে আগামী ২৩ ফেব্রুয়ারি ২০১৭ খ্রিস্টাব্দ, মোতাবেক ১১ ফাল্গুন ১৪২৩ বঙ্গাব্দে ০২:৩০ ঘটিকায় বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অনুষ্ঠিত হবে।

উইন্টার ২০০৯ টার্ম থেকে অটাম ২০১৬ টার্ম পর্যন্ত বিএস (এগ্রিকালচার/ফিশারিজ), ডিভিএম, এমএস ও পিএইচডি ডিগ্রি সম্পন্নকারী ছাত্র/ছাত্রীগণ উক্ত সমাবর্তনে অংশ গ্রহণ করতে পারবেন।

সমাবর্তনে অংশগ্রহণ করতে ইচ্ছুক ছাত্র/ছাত্রীদের আগামী ১৬ ফেব্রুয়ারি ২০১৭ তারিখের মধ্যে বিশ্ববিদ্যালয়ের শিক্ষা শাখা কর্তৃক প্রদত্ত নির্ধারিত ফরমে অথবা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে ([www.bsmrau.edu.bd](http://www.bsmrau.edu.bd)) প্রদত্ত ফরম A-4 সাইজের কাগজে ডাউনলোড করে পূরণ করতঃ নাম রেজিস্ট্রেশন করতে হবে।

রেজিস্ট্রেশন ফরম জমা দেয়ার সময় দুই কপি পাসপোর্ট সাইজের ছবি ও সমাবর্তন ফি বাবদ বিএস (এগ্রিকালচার/ফিশারিজ), ডিভিএম ডিগ্রি সম্পন্নকারীদের ১০০০/- (এক হাজার) টাকা, এমএস ডিগ্রি সম্পন্নকারীদের ১৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা ও পিএইচডি ডিগ্রি সম্পন্নকারীদের ২৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অবস্থিত সোনালী ব্যাংক-এ জমা দিতে হবে অথবা বাংলাদেশে অবস্থিত যে কোন ব্যাংক থেকে 'বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়'-এর অনুকূলে সোনালী ব্যাংক, বশেমুরক্বি শাখার উপর সংশ্লিষ্ট ডিগ্রির জন্য উপরে উল্লেখিত টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার রেজিস্ট্রেশন ফরম এর সাথে অবশ্যই জমা দিতে হবে। সমাবর্তন-এর রেজিস্ট্রেশন ফরম জমা দেয়ার সময় সাময়িক সনদপত্র (যদি গ্রহণ করা হয়ে থাকে) বিশ্ববিদ্যালয়ের শিক্ষা শাখায় অবশ্যই জমা দিতে হবে। যদি সাময়িক সনদপত্র গ্রহণ না করা হয়ে থাকে তবে সমাবর্তন রেজিস্ট্রেশন ফরম জমা দেয়ার সময় ফরমের সাথে নির্ধারিত ফরমে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ থেকে প্রদত্ত অনাপত্তি পত্র রেজিস্ট্রেশন ফরম-এর সাথে অবশ্যই জমা দিতে হবে।

সমাবর্তন সংক্রান্ত বিস্তারিত কর্মসূচি পরবর্তীতে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে ([www.bsmrau.edu.bd](http://www.bsmrau.edu.bd)) ও বিজ্ঞপ্তির মাধ্যমে প্রকাশ করা হবে।

এতদ্ সংক্রান্ত বিস্তারিত তথ্য অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর নিকট থেকে জানা যাবে।

প্রফেসর ড. এম. ময়নুল হক  
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)  
টেলিফোন : ৯২০৫৩২৩, মোবা: ০১৭১১৯০৮৬৪০